

যুগান্তর

তারিখ: 23 JAN 2007
সংখ্যা: ২৬

৪২/১০৯৩

৯৪টি মাদ্রাসার এমপিও বাতিল

যুগান্তর রিপোর্ট

২০০৬ সালের দাখিল পরীক্ষায় একজন শিক্ষার্থীও পাস না করায় ৯৪টি মাদ্রাসার এমপিওভুক্তি বাতিল করা হচ্ছে। সোমবার মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের (যাউসি) মহাপরিচালককে শিক্ষা মন্ত্রণালয় এ নির্দেশ দিয়েছে। গতবার দাখিল পরীক্ষায় সাগরদেশে পাসের হার ছিল ৪৬ দশমিক ৭০ ভাগ। এটা মাদ্রাসা বোর্ডের ইতিহাসে পাসের সর্বোচ্চ হার। তা সত্ত্বেও ৯৪টি মাদ্রাসায় একজন শিক্ষার্থীও বাতিল : পৃষ্ঠা ১০ : কলাম ৬

বাতিল : এমপিও

(শেষ পৃষ্ঠার পর)

পাস করেনি।

সোমবার এমপিওভুক্তি বাতিলের নির্দেশসহ ছয় মাসের চূড়ান্ত সতর্কীকরণ নির্দেশ দেয়া হয়। যদি তারা এর মধ্যে পরীক্ষার মান উন্নয়ন করতে না পারে তবে মাদ্রাসার স্বীকৃতি বাতিল করা হবে।

রাজনৈতিক বিবেচনায় যন্ত্রতন্ত্র মাদ্রাসা প্রতিষ্ঠা ও তার অনুমোদন দেয়ার কারণে এ পরিস্থিতির সৃষ্টি হয়েছে বলে জানা যায়। সারসংক্ষেপে প্রত্যন্ত অঞ্চলে অনেক মাদ্রাসায় মানসম্পন্ন শিক্ষা নেই। পর্যাপ্ত শিক্ষা উপকরণেরও অভাব রয়েছে। এ কারণে শিক্ষার্থী ফেল করে থাকে বলে সর্বশ্রেষ্ঠা জানান।